

যুগান্তর

প্রিন্ট: ১০ জুলাই ২০২৫, ০৯:১৩ এএম

ক্যাম্পাস

বন্ধ ঢামেক খুলছে শনিবার



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৯ জুলাই ২০২৫, ০৬:৫৩ পিএম



ফাইল ছবি

শিক্ষার্থীদের আন্দোলনে বন্ধ হয়ে যাওয়ার ১৮ দিন পর ফের খুলে দেওয়া হচ্ছে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক)। শিক্ষা কার্যক্রম চালুর পাশাপাশি খুলে দেওয়া হচ্ছে মেডিকেল কলেজের

হোস্টেল।

মঙ্গলবার ঢাকা মেডিকেল কলেজের অ্যাকাডেমিক কাউন্সিলের জরুরি সভায় এই সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত অনুযায়ী, ঢাকা মেডিকেল কলেজের একাডেমিক কার্যক্রম আগামী ১২ জুলাই শনিবার থেকে শুরু হবে। আর মেডিকেল কলেজের হোস্টেলগুলো ১১ জুলাই সকাল ৮টা থেকে খুলে দেওয়া হবে।

বুধবার মেডিকেল কলেজের অধ্যক্ষ ডা. মো. কামরুল আলম গণমাধ্যমকে বলেন, শিক্ষার্থীরা ক্লাশে ফিরতে চায়। হোস্টেল ও কলেজ বন্ধ থাকায় তাদের একাডেমিক কার্যক্রম ব্যাহত হচ্ছে।

নিরাপদ আবাসন সুবিধা নিশ্চিত করাসহ ৫ দফা দাবিতে গত মে মাস থেকে ক্লাশ বর্জন করে আসছিলেন ঢামেক শিক্ষার্থীরা। এ দাবিতে ২১ জুন তারা ক্যাম্পাসে মানববন্ধন করেন। ওই কর্মসূচি চলার মধ্যেই ঢামেক অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে কর্তৃপক্ষ। সেই সঙ্গে শিক্ষার্থীদের ২২ জুন দুপুর ১২টার মধ্যে হোস্টেল ত্যাগ করতে বলা হয়।